সংবাদ

তারিখ 10 OCT 2016
পৃষ্ঠা ৫ কলাম ২



কালকিনি : মহিষমারী বালিকা উচ্চ বিদ্যালয়ের জরাজীর্ণ ভবনে ছাত্রীদের লেখাপড়া -সংবাদ

# শত বছরেও উন্নয়ন বঞ্চিত মহিষমারী বালিকা বিদ্যালয়

প্রতিনিধি, কালকিনি (মাদারীপুর)

প্রতিষ্ঠার প্রায় একশ বছরেও অবকাঠামো উন্নয়ন ঘটেনি মাদারীপুরের কালকিনি উপজেলার রমজানপুর এলাকার মহিষমারী বালিকা উচ্চ বিদ্যালয়ের। ফলে বাধ্য হয়ে পাঠদান চালাতে হচ্ছে ঝুঁকিপূর্ণ পরিত্যক্ত ভবনে। এতে করে শিক্ষার্থী ও শিক্ষকদের প্রাণের সংশয় থাকলেও নজর দিচ্ছেনা সংশ্লিষ্ট কর্তৃপক্ষ। ফলে শিক্ষক শিক্ষার্থী ও অভিবাবকদের মধ্যে চরম ক্ষোভের সৃষ্টি হয়েছে। আর স্কুলটিতে নতুন ভবন ও বাউন্ডারী দেয়াল নির্মাণের দাবি দিনকে দিন জোড়ালো হচ্ছে।

স্কুলের শিক্ষক শিক্ষার্থী ও অভিবাবকরা জানায়, ১৯১৮ সালে রমজানপুর এলাকায় নারী শিক্ষা তরান্বিত করতে মহিষমারী বালিকা উচ্চ বিদ্যালয় প্রতিষ্ঠাকরা হয়। বর্তমানে স্কুলটিতে সাড়ে ৪ শতাধিক ছাত্রীর পঠদান কার্যক্রম চালানো হলেও শতবছরেও স্কুলটির অবকাঠামো উন্নয়ন হয়নি। স্কুল প্রতিষ্ঠার পরে এলাকাবাসী নিজেদের অর্থায়নে একটি পাকা ভবন নির্মান করলেও তা এখন ঝুঁকিপূর্ণ ও জরাজীর্ণ হয়ে পড়েছে। শ্রেণী কক্ষের সংকটের কারণে জীবনের ঝুঁকি নিয়েও সেখানেই চালানো হচ্ছে পাঠদান কার্যক্রম।

স্কুলের ছাত্রী আরিফা, পাতা খানম, ছাবিহা, সুমনা, দিনা, সামিমা, ছামিয়া, স্মৃতিসহ ৩০/৪০ জন ছাত্রী আক্ষেপ করে বলে আমাদের স্কুলের ভবন ঝুঁকিপূর্ণ ও পরিত্যক্ত। তাই ঝড় বৃষ্টির সময় আমরা প্রাণ ভয়ে বাড়িতে চলে যাই। এতে আমাদের পড়া লেখায় সমস্যার সৃষ্টি হচ্ছে। আর স্কুলের সামনে সড়ক সেখানে বাউন্ডারি দেয়াল না থাকায় আমরা মেয়েরা নিরাপত্তাহীনতায় থাকি। এছারা স্কুলে টেবিল চেয়ার ও বেঞ্চ সংকট থাকায় অনেক সময় দাড়িয়েও ক্লাস করতে হয়। আমরা এসমস্যার সমাধান চাই।

স্কুলের ম্যানেজিং কমিটির সভাপতি মাইনুল হামিদ আজগর ও প্রধান শিক্ষক বিমল কৃষ্ণ মন্ডল বলেন স্কুলের সবচেয়ে বড় সমস্যা হলো ভবন। আর এটির জন্য আমরা সরকারের দৃষ্টি আকর্ষণ করছি।